

--গেস্ট হাউজ বুকিং নির্দেশিকা--

আমর্ড ফোর্সেস মেডিকেল কলেজ

১। আমর্ড ফোর্সেস মেডিকেল কলেজে প্রশাসনিক/একাডেমিক কাজে আগত শিক্ষার্থীদের অভিভাবক, ভিজিটিং শিক্ষক ও স্টুডেন্ট এক্সচেঞ্জ প্রোগ্রামের জন্য আগত শিক্ষার্থীদের আবাসনের সুবিধার্থে অত্র কলেজে একটি গেস্ট হাউজ প্রতিষ্ঠা করা হয়েছে। উক্ত গেস্ট হাউজে রুম বুকিং/ভাড়া এবং ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা সকলের অবগতির জন্য প্রচার করা হলোঃ

২। গুণমাত্রা নিচে উল্লেখিত ব্যক্তিবর্গ গেস্ট হাউজে রুম বরাদ্দ পাবেনঃ

- ক। এএফএমসি'র শিক্ষার্থীদের তালিকাভুক্ত অভিভাবকবৃন্দ।
খ। এএফএমসি কর্তৃক অনুমোদিত ভিজিটিং শিক্ষক, স্টুডেন্ট এক্সচেঞ্জ প্রোগ্রামে আগত শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

৩। গেস্ট হাউজে রুম বুকিং পদ্ধতিঃ

- ক। গেস্ট রুম কমপক্ষে ০৭ দিন পূর্বে বুকিং এর জন্য ট্রেনিং অফিসে লিখিত আবেদন করতে হবে।
খ। বুকিং সম্পূর্ণভাবে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদান করা হবে।
গ। বহিরাগত মেডিকেল কলেজ/প্রতিষ্ঠান হতে এক্সচেঞ্জ প্রোগ্রাম এর জন্য আগত শিক্ষক ও শিক্ষার্থীগণ বুকিং এর ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

৪। রুম ভাড়া এবং চেক ইন-আউট সময়ঃ

- ক। স্থানীয় মানসম্পন্ন হোটেল এর সাথে সামঞ্জস্য রেখে ভাড়া নির্ধারণ করা হয়েছে।

সিঙ্গেল বান্ধার	৪০০/-
সিঙ্গেল রুম সিঙ্গেল বান্ধার	৬০০/-
এসি রুম	১০০০/-

- খ। চেক ইন ১৪০০ ঘটিকা এবং চেক আউট ১২০০ ঘটিকা।
গ। গেস্ট রুমের ভাড়া চেক-ইন এর সময় সম্পূর্ণ পরিশোধ করতে হবে।

৫। আহার ব্যবস্থাঃ

- ক। অতিথিগণ চেক ইন এর সময় তাদের খাবার এর চাহিদা প্রদান করবেন অথবা এএফএমসি ক্যাফেটেরিয়া-২ থেকে নিজ ব্যবস্থাপনায় খাবার অর্ডার করতে পারবেন। এ সংক্রান্ত ক্যাফেটেরিয়া-২ এ দায়িত্বরত ইউএসএম খাবার সরবরাহ ও পরিবেশন করবে।
খ। এক্সচেঞ্জ প্রোগ্রামের আওতায় আগত শিক্ষক ও ছাত্র-ছাত্রীগণ এবং আগত অতিথিগণ এই ইউনিটের সৈনিক মেন্স হতে Cost to Cost প্রেক্ষিতে খাবার গ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে নিচে উল্লেখিত মূল্য পরিশোধ করতে হবেঃ

সকালের নাস্তা	৪৫/-
টি ব্রেক	৬৫/-
দুপুরের খাবার	১৫০/-
রাতের খাবার	১১০/-

- গ। খাবার এর বিল গেস্ট রুম থেকে চেক আউট এর পূর্বে পরিশোধ করতে হবে।

৬। গেস্ট হাউজে অবস্থানের মেয়াদকালঃ

- ক। একটি বুকিং এর ক্ষেত্রে ০৩ (তিন) দিন এবং ডিএএএন্ডকিউএমজি'র অনুমতি সাপেক্ষে সর্বোচ্চ ০৭ (সাত) দিন পর্যন্ত অবস্থান করতে পারবে।
খ। ০৭ দিনের বেশি অবস্থান করতে হলে কমান্ড্যান্ট, এএফএমসি এর নিকট লিখিত আবেদনের প্রেক্ষিতে অনুমতি গ্রহণ করতে হবে।

৭। অন্যান্য সুবিধা ও বিশেষ নির্দেশনা সমূহ।

- ক। অতিথিদের জন্য এএফএমসি গেস্ট হাউজে বেডিং আইটেম, ক্রোকারিজ উপকরণসমূহ সরবরাহ করা হবে।
খ। নিরাপত্তা প্রহরীসহ সার্বক্ষণিক সিসি টিভি মনিটরিং এর ব্যবস্থা রয়েছে।
গ। গেস্টরুমে কোনো প্রকার হিটার এবং চুলা ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
ঘ। গেস্ট রুমসমূহে অভ্যন্তরে ধূমপান সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
ঙ। বরাদ্দকৃত রুম অন্য কারো নিকট হস্তান্তর বা অননুমোদিত ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। কর্তৃপক্ষ বুকিং বাতিল বা বরাদ্দ প্রত্যাহার করার সর্বস্বত্ব অধিকার সংরক্ষণ করে।

আদেশক্রমে কর্তৃপক্ষ